

নভেম্বরে ডানা মেলবে নতুন বেসরকারি এয়ারলাইন্স ফ্লাই ঢাকা

- A Monitor Desk Report

Date: 23 April, 2024



ঢাকা: নতুন উদ্দীপনায় দেশের আকাশে ডানা মেলতে যাচ্ছে নতুন বেসরকারি এয়ারলাইন্স 'ফ্লাই ঢাকা'। সবকিছু পরিকল্পনামাফিক চললে এ বছরের নভেম্বর মাসে প্রথম ফ্লাইট পরিচালনা করবে তারা। ইতোমধ্যে প্রতিষ্ঠানটি বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) কাছ থেকে অনাপত্তিপত্র (এনওসি) পেয়েছে।

সাশ্রয়ী মূল্যে নিরাপদ ভ্রমণের বিষয়টিকে গুরুত্ব দিয়ে এয়ার ক্রাফট আনার পরিকল্পনা করছে তারা। এছাড়াও ফ্লাইট পরিচালনার জন্য বাধ্যতামূলক বেবিচকের এয়ার অপারেটর সার্টিফিকেট (এওসি) পেতে কাজ করে যাচ্ছে এয়ারলাইন্সটি।

ফ্লাই ঢাকা হতে যাচ্ছে দেশের ১২তম বেসরকারি এয়ারলাইন্স।

ফ্লাই ঢাকা জানায়, যেকোনো এয়ারলাইন্সকেই ফ্লাইট চালুর পর প্রথম এক বছর অভ্যন্তরীণ রুটে চলাচল করতে হয়। এসব রুটে এটিআর ৭২-৬০০ মডেলের উডোজাহাজ দিয়ে ফ্লাইট পরিচালনার পরিকল্পনা রয়েছে তাদের। পরে আন্তর্জাতিক সেবা দিতে ফ্লাই ঢাকা এয়ারলাইন্স এয়ারবাস অথবা বোয়িং এয়ারক্রাফট সংযোজন করতে চায়।

ফ্লাই ঢাকার মালিক জাতীয় পার্টির সংসদ সদস্য ও ব্যবসায়ী আনিসুল ইসলাম মাহমুদ। তিনি বাংলাদেশ ফ্লাইং ক্লাবের সাবেক সভাপতি।

নতুন এই এয়ারলাইন্সটির বিষয়ে জানতে চাইলে ফ্লাই ঢাকার প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) লেফটেন্যান্ট জেনারেল (অব.) মোল্লা ফজলে আকবর বলেন, 'কানেক্টিং ড্রিমস, ইউনিটিং ডেস্টিনেশনস' স্বপ্নকে সামনে রেখে নিরলস কাজ করে যাচ্ছে ফ্লাই ঢাকা এয়ারলাইন্সের কর্মীরা।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী বাংলাদেশকে বিশ্বের একটি অন্যতম প্রধান এভিয়েশন হাব করার যে লক্ষ্য স্থির করেছেন, সেই লক্ষ্য অর্জন এবং বাংলাদেশ এভিয়েশন ইন্ডাস্ট্রিকে সমৃদ্ধ করার জন্য নিরলস কাজ করে যাবে ফ্লাই ঢাকা এয়ারলাইন্স। শুধু অভ্যন্তরীণ বাজার নয়, বরং বিশ্ব বাজারেও শক্ত ভিত গড়তে চায় ফ্লাই ঢাকা এয়ারলাইন্স। সেই লক্ষ্য সামনে রেখে এশিয়ার একটি জায়ান্ট এয়ারলাইন্সের সঙ্গে ইতোমধ্যে

সমঝোতার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

ইতোমধ্যে এয়ারলাইন্সটির নিয়োগ প্রক্রিয়া পুরোদমে শুরু হয়েছে। ২০২৪ সালের বাংলাদেশের আকাশে ডানা মেলার লক্ষ্যকে সামনে রেখে খুব দ্রুত লোকবল নিয়োগের প্রক্রিয়া সম্পন্ন করবে এই এয়ারলাইন্স।

এ বিষয়ে জানতে চাইলে মানবসম্পদ বিভাগের প্রধান মো. আমিনুল ইসলাম বলেন, ফ্লাই ঢাকা এয়ারলাইন্স ২০২১ সালের ৪ মে যৌথ মূলধন কোম্পানি ও ফার্মগুলোর পরিদপ্তরে নিবন্ধিত হয়। পরে ফ্লাই ঢাকা এয়ারলাইন্স তার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে একই বছরের জুলাই মাসের ১ তারিখে। তারই ধারাবাহিকতায় সম্প্রতি এয়ারলাইন্সটি বেবিচক থেকে অনাপত্তিপত্র গ্রহণ করে। বর্তমানে ফ্লাই ঢাকা এয়ারলাইন্স এওসি প্রক্রিয়া চূড়ান্তকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ও ব্যবস্থা গ্রহণ করছে।

ফ্লাই ঢাকা চালু হলে দেশে পরিচালিত বেসরকারি এয়ারলাইন্সের সংখ্যা দাঁড়াবে চারটি। অন্য তিনটি এয়ারলাইন্স হলো— নভো এয়ার, ইউএস-বাংলা এয়ারলাইন্স ও এয়ার অ্যাস্ট্রা।

-B